

সেকশন ১

উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

জেন্ডার সমতা প্রতিষ্ঠার লক্ষ্যে নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন।

১.২ অভিলক্ষ্য (Mission)

অর্থনৈতিক কর্মকাণ্ডে নারীর ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় দক্ষতা ও যোগ্যতা অর্জনে সহায়তা করা, আইনি সহায়তা প্রদান এবং অবকাঠামোগত সুযোগসৃষ্টি করে নারীর ক্ষমতায়নের মাধ্যমে জেন্ডার সমতা প্রতিষ্ঠা করা।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ উপজেলা অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. নারীর সামাজিক নিরাপত্তা বেটনী নিশ্চিতকরণ ও খাদ্য সহায়তা প্রদান
২. নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন।
৩. নারী উদ্যোক্তাদের কর্মসংস্থান সৃষ্টি ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ।
৪. নারীর প্রতি সকল ধরনের সহিংসতা প্রতিরোধ ও নারীর অধিকার নিশ্চিতকরণ।

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. ভালনারেবল উইমেন বেনিফিট প্রোগ্রাম (ভিডার্লিউবি) কর্মসূচি বাস্তবায়ন ও তদারকি;
২. মা ও শিশু সহায়তা কর্মসূচির বাস্তবায়ন ও তদারকি;
৩. বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে নারী উদ্যোক্তা তৈরীকরণ;
৪. নারীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে ক্ষুদ্রঋণ প্রদান;
৫. দুঃস্থ মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ;
৬. কিশোর-কিশোরীদের সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ক্লাবে অন্তর্ভুক্তিকরণ
৭. নারী উন্নয়ন সংক্রান্ত উপজেলা পর্যায়ের বিভিন্ন দপ্তরের কার্যক্রম সমন্বয় ও পরিবীক্ষণ;
৮. নারী অধিকার রক্ষায় সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ ;
৯. বিভিন্ন দিবস উদযাপন যেমন- আন্তর্জাতিক নারী দিবস, মা দিবস, বঙ্গমাতা দিবস, কন্যা শিশু দিবস, বেগম রোকেয়া দিবস